অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/23/2019 | গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো পরিচ্ছন্ন শক্তির উন্নয়ন ত্বরান্বিত করতে এবং জলবায়ু পরিবর্তন প্রতিহত করতে বৃহৎ পরিসরের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য তৃতীয় আবেদন ঘোষণা করেন

পরিচ্ছন্ন শক্তির ক্ষেত্রে এক বিলিয়ন ডলারের অধিক বিনিয়োগে প্রেরণা যোগাবে এবং 1,000 এর অধিক ভালো বেতনের স্বল্প- ও দীর্ঘ-মেয়াদী চাকরি সৃষ্টি হবে বলে প্রত্যাশা করা হচ্ছে

গ্রিন নিউ ডিল (Green New Deal) এর অধীনে 2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে আসার জন্য গভর্নর কুওমোর যে প্রস্তাবিত ম্যান্ডেট সেটির দিকে অগ্রগতিকে ত্বরান্বিত করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেটের পরিচ্ছন্ন শক্তির আদর্শ (Clean Energy Standard) এর অধীনে বৃহৎ-পরিসরের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য তৃতীয় বার্ষিক আবেদন ঘোষণা করেন। প্রত্যাশা করা হচ্ছে যে এই আবেদনটি বছরে প্রায় 1.5 মিলিয়ন মেগাওয়াট-ঘন্টার নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনে সাহায্য করবে যা 200,000 এরও বেশি গৃহে শক্তি সরবরাহের জন্য যথেষ্ট এবং নিউ ইয়র্ককে পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির দিকে রূপান্তরকে ত্বরান্বিত করবে। এই আবেদনটি বেসরকারি ক্ষেত্রে এক বিলিয়ন ডলারের অধিক বিনিয়োগে প্রেরণা যোগাবে বলে প্রত্যাশা করা হচ্ছে যা নিউ ইয়র্কবাসীদের জন্য 1,000 এরও অধিক ভালো বেতনের চাকরি সৃষ্টি করবে। আজকের ঘোষণা গভর্নর কুওমোর গ্রিন নিউ ডলের অধীনে 2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি থেকে নিশ্চিত করা হবে বলে নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় যে প্রতিশ্রুতি সেটির অগ্রগতির দিকেই অগ্রসর হচ্ছে।

"এক নাগাড়ে তৃতীয় বছরের জন্য, বৃহৎ-পরিসরের নবায়নযোগ্য শক্তি প্রকল্পে অগ্রসর হওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ক দৃষ্টান্ত স্থাপন করে চলেছে যা স্টেটে উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রবৃদ্ধি ও ভালো বেতনের চাকরি আনয়ন করবে", **গভর্নর কুওমো বলেন।** "এই পদক্ষেপ আমাদের নবায়নযোগ্য শক্তি সংক্রান্ত জোরালো প্রতিশ্রুতির ভিত্তিতে নেয়া এবং জলবায়ু পরিবর্তনের ফলে যে অভূতপূর্ব চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে তা মোকাবেলা করার জন্য স্টেটের সাহসী পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ।"

"আমরা আমাদের অদম্য পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যমাত্রার অংশ হিসেবে স্টেটজুড়ে নবায়নযোগ্য শক্তির প্রকল্পগুলোতে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "বৃহৎ-পরিসরের প্রকল্পগুলোর জন্য এই আবেদন অধিক গৃহে শক্তি যোগানো ও আরও অধিক ভালো বেতনের চাকরি সৃষ্টি করার জন্য আমাদের যে প্রচেষ্টা তা অব্যাহত রাখে। নিউ ইয়র্ক আমাদের

পরিবশকে রক্ষা করার জন্য এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য জলবায়ু পরিবর্তন প্রতিহত করার জন্য দেশে নেতৃত্ব দিয়ে চলেছে।"

স্টেট পরিচ্ছন্ন শক্তির আদর্শের অধীনে তৃতীয় ধারাবাহিক বার্ষিক প্রকিউরমেন্ট হিসেবে এই আবেদন ইস্যু করছে এবং প্রত্যাশা করা হচ্ছে যে এতে ডজনখানেক বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পের উন্নয়ন ঘটবে। শুধু গত দুই বছরে, নিউ ইয়র্ক 46 টি ভূমিভিত্তিক বায়ু ও সৌর প্রকল্পে চুক্তিতে 2.9 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে যা পরিচ্ছন্ন শক্তি খাতে 7 বিলিয়ন মার্কিন ডলারের প্রত্যক্ষ বিনিয়োগ সৃষ্টি করেছে। এই প্রকল্পগুলো ঠিক দুই বছর পূর্বে প্রদানকৃত নিলাম মূল্যের চেয়ে 23 শতাংশ কমে সম্প্রতি প্রদানকৃত নিলাম মূল্যের মাধ্যমে প্রতি বছর 7.1 মিলিয়ন মেগাওয়াট-ঘন্টার অধিক বিদ্যুৎ উৎপাদন করবে যা এক মিলিয়ন গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট নবায়নযোগ্য শক্তি।

কমিউনিটির অংশগ্রহণ ও সাধারণ জনগণের সমর্থন নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলোর সফল উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ এবং আজ প্রকাশিত আবেদনের মধ্যে কমিউনিটিতে কার্যকর প্রচার ও পরিকল্পনার জন্য গুরুত্বপূর্ণ আদর্শ ও শর্তাবলি অন্তর্ভুক্ত আছে।

এই আবেদনের উল্লেখযোগ্য ধারাগুলোর মধ্যে আছে:

- যেকোনো প্রদানকৃত ফ্যাসিলিটির নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট কর্মীদেরকে প্রযোজ্য ফলপ্রসূ বেতন দিতে হবে, নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ (New York State Department of Labor) এর নির্ধারিত একটি আদর্শ, যা নিশ্চিত করবে যে প্রকল্পগুলো নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্পন্ন, ভালো বেতনের চাকরি সৃষ্টি করবে;
- যেসব নবায়নযোগ্য শক্তি প্রকল্প নিউ ইয়র্ক স্টেটের গুরুত্বপূর্ণ কৃষি জমির ব্যবহার এড়িয়ে চলেছে সেগুলোকে বোনাস পয়েন্ট প্রদানের মাধ্যমে নিউ ইয়র্কের মূল্যবান কৃষি সম্পদের সংরক্ষণ ও সুরক্ষা; এবং
- সেসব প্রস্তাবনাগুলোকে উৎসাহ প্রদান অব্যাহত রাখা যেগুলো সাশ্রয়ীভাবে নবায়নযোগ্য শক্তির সাথে উন্নত শক্তি সঞ্চয় প্রযুক্তির মিলন ঘটিয়েছে যাতে 2025 সালের মধ্যে 1,500 মেগাওয়াট ও 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি সম্প্রসারণের জন্য গভর্নর কুওমোর যে প্রতিশ্রুতি তা পূরণে সাহায্য করা যায়।

বৃহৎ পরিসরের নবায়নযোগ্য শক্তির আবেদন সম্পর্কে আরও জানতে, অনুগ্রহ করে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিচার্স এন্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর ওয়েবসাইট ভিজিট করুন। প্রাথমিক জমাদান 13 জুন 2019 তারিখের মধ্যে করতে হবে।

এই ঘোষণা নবায়নযোগ্য শক্তি ডেভেলপারদের জন্য বার্ষিক আবেদনের একটি সম্ভাব্য গতি বজায় রাখে এবং স্টেটজুড়ে পরিচ্ছন্ন শক্তি প্রকল্পগুলোতে চলমান উন্নয়ন ও বিনিয়োগে সহায়তা করবে, পরিচ্ছন্ন শক্তি আদর্শের মাধ্যমে দ্বিগুণের চেয়েও বেশি নতুন বৃহৎ পরিসরের ভূমিভিত্তিক বায়ু ও

সৌর রিসোর্সের জন্য গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিল প্রস্তাবনা বাস্তবায়নের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। NYSERDA আশা করছে এই প্রদানের ঘোষণা 2019 সালের নভেম্বরে করা হবে।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিচার্স এন্ড ডেভেলপমেন্ট অথরিটি (NYSERDA) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালিসিয়া বার্টন বলেন, "ইতোমধ্যে পরিচ্ছন্ন শক্তি আদর্শের অধীনে প্রদত্ত বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পগুলো চারটি বৃহত্তম আপস্টেট সিটিতে বিদ্যুৎ সরবরাহের জন্য পর্যাপ্ত নবায়নযোগ্য শক্তি উৎপাদন করবে, পাশাপাশি স্থানীয় আয়োজক কমিউনিটিতে ভালো বেতনের চাকরি ও অর্থনৈতিক সুবিধা আনয়ন করবে। আমাদের গতিশীলতার উপর ভিত্তি করে, ভবিষ্যৎ প্রকল্পগুলো ভোক্তার খরচ কমাতে, অর্থপূর্ণ পরিবেশগত সুবিধা প্রদান করতে এবং আমাদেরকে গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিলের অধীনে অদম্য নবায়নযোগ্য শক্তির লক্ষ্যমাত্রা অর্জনের কাছাকাছি পৌঁছাতে সাহায্য করবে। NYSERDA স্থানীয় সরকার ও কমিউনিটির স্টেকহোল্ডারদের সাথে কাজ করতে অঙ্গীকারাবদ্ধ, এটি নিশ্চিত করতে যে তারা নবায়নযোগ্য শক্তির উন্নয়ন পরিপূর্ণভাবে সম্পৃক্ত এবং তাদের কমিউনিটিতে প্রকল্পগুলো দায়িত্বশীলতার সাথে সম্পন্ন করার সরঞ্জাম ও সংস্থান রয়েছে।"

সেনেট এনার্জি কমিটি (Senate Energy Committee) এর সভাপতি সেনেটর কেভিন পার্কার বলেন, "সুস্পষ্ট ও কার্যকর কৌশলগত পরিকল্পনার মাধ্যমে উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রা অর্জন করা হয়। সেনেট কমিটি অন এনার্জি এন্ড টেলিকমিউনিকেশনস (Senate Committee on Energy and Telecommunications) এর সভাপতি হিসেবে, আমি আমাদের স্টেটের শক্তি সম্পর্কিত লক্ষ্যমাত্রা পূরণে নিউ ইয়র্ক স্টেট কায়মনোবাক্যে কাজ করছে তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ায় গভর্নর কুওমো প্রশংসা করছি। যেহেতু আমরা ক্রেতাগণ নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য আবেদন করার প্রক্রিয়া চালু করেছি, আমরা একইসাথে এটি নিশ্চিত করার জন্য কাজ করছি যে আমরা শুধু 2040 সালের মধ্যে 100 শতাংশ পরিচ্ছন্ন ও কার্বনমুক্ত শক্তির লক্ষ্য পূরণ করছি না, তাছাড়া 1,000 এরও বেশি নতুন গ্রিন কলার (green collar) চাকরির সুযোগ সৃষ্টি করছি।"

সেনেটের পরিবেশ সংরক্ষণ কমিটি (Senate Environmental Conservation Committee) এর সভাপতি সেনেটর টড ক্যামিন্সকি বলেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি উৎপাদন বৃদ্ধি জলবায়ু পরিবর্তনকে প্রতিহত করা ও আমাদের ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ। বৃহৎ পরিসরের নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলোতে গভর্নর কুওমোর অব্যাহত সহায়তার জন্য আমি তার প্রশংসা করি যা জলবায়ু পরিবর্তন প্রশমন, নির্মল বায়ু ও সবুজ চাকরি (green jobs) রূপে সমগ্র স্টেটের নিউ ইয়র্কবাসীর উপকার করবে। এই অসাধারণ গতি নিউ ইয়র্কের উচ্চাভিলাষী পরিচ্ছন্ন শক্তির আদর্শ পূরণে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রাকৃতিক সম্পদগুলো সংরক্ষণে অপরিহার্য হবে।"

দ্য অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্ক (The Alliance for Clean Energy New York) এর নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস বলেন, "জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য, আমাদের অবশ্যই বায়ু ও সৌর ভিত্তিক নতুন পরিচ্ছন্ন, দূষণ-মুক্ত বিদ্যুৎ প্রকল্প নির্মাণ করতে হবে। NYSERDA এর নবায়নযোগ্য শক্তির প্রকল্পগুলোর জন্য আজকের নতুন আহ্বানটি একটি চমৎকার খবর, কারণ এটি ডেভেলপারদেরকে দীর্ঘমেয়াদী চুক্তির জন্য প্রতিযোগিতা করার সুযোগ দেবে যারা অর্থায়ন ও নির্মাণ করা প্রকল্পগুলো পাবে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চাকরি সৃষ্টি করবে।" **তিনি**

আরও বলেন, "নিউইয়র্ক স্টেটের এই বেসরকারি বিনিয়োগকে আকৃষ্ট করতে এই বার্ষিক আবেদনে গভর্নর কুওমোর অব্যাহত প্রতিশ্রুতির আমরা আন্তরিকভাবে প্রশংসা করি।"

নিউ ইয়র্কের ন্যাচার কনজারভেন্সি (The Nature Conservancy) এর প্রধান কনজারভেশন এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসার স্টুয়ার্ট এফ. গ্রাস্কিন বলেন, "সমগ্র স্টেটে একটি নবায়নযোগ্য শক্তির অর্থনীতি নির্মাণের জন্য আমরা গভর্নর কুওমো ও NYSERDA এর প্রশংসা করছি। নিউ ইয়র্কের উচ্চাভিলাষী নবায়নযোগ্য শক্তির আদর্শ অর্জনে সংশ্লিষ্ট উন্নয়ন ত্বরান্বিত করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। জলবায়ু পরিবর্তন একটি সবচেয়ে বড় হুমকি আমরা যার সম্মুখীন এবং একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে রূপান্তর নিউ ইয়র্ককে ভালো চাকরি সৃষ্টিতে, আমাদের কমিউনিটিগুলোকে রক্ষা করতে এবং আমাদের পরিবেশকে রক্ষা করতে সক্ষম করবে।"

নিউ ইয়র্ক সিটি সেন্ট্রাল লেবার কাউন্সিল (New York City Central Labor Council), AFL-CIO, এর প্রেসিডেন্ট ভিনসেন্ট আলভারেজ বলেন, "NYSERDA এর আজকের ঘোষণাটি হলো এই যে সকল বৃহৎ পরিসরের, ভূমি-ভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলোতে ফলপ্রসূ বেতন (prevailing wage) শব্দটি অন্তর্ভুক্ত থাকবে যা জলবায়ু সংকটের লড়াইয়ে পারিবারিক-টেকসই ক্যারিয়ার গড়তে নিউইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে শক্তিশালী করবে। জলবায়ু পরিবর্তনের দ্বৈত সংকট ও আয় বৈষম্য মোকাবেলায় জাতিকে নেতৃত্ব দেওয়ার জন্য আমরা কুওমো প্রশাসনের প্রশংসা করছি।"

নিউ ইয়র্কের ইন্ডিপেন্ডেন্ট পাওয়ার প্রডিউসারস (Independent Power Producers) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা গ্যাভিন ডনহুয়ে বলেন, "আরো একটি বহুমুখী ও কার্যকর বৈদ্যুতিক ব্যবস্থা আবশ্যক। নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য পূরণের জন্য নবায়নযোগ্য সংস্থানে বেসরকারী খাতের বিনিয়োগ সম্প্রসারণের জন্য আমরা গভর্নর কুওমোর প্রশংসা করছি। অভ্যন্তরীণ সম্পদ উন্নয়ন স্থানীয় অর্থনীতির জন্য একটি বিশাল বিজয়।"

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল, দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন শক্তি এবং কর্মসংস্থান এজেন্ডা যা অদম্যভাবে নিউ ইয়র্ক স্টেটকে কার্বন নিরপেক্ষ বিস্তৃত-অর্থনীতির পথে নিয়ে যাবে। এই উদ্যোগের ফলে পরিচ্ছন্ন শক্তিতে একটি ন্যায্য রূপান্তর হবে, পরিবেশ-বান্ধব অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কের শক্তিকে বাধ্যতামূলকভাবে 100 শতাংশ পরিচ্ছন্ন হতে হবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক অদম্য লক্ষ্যের একটি। এই নতুন প্রস্তাবিত আদেশটির ভিত্তি হল 2030 সাল নাগাদ নিউ ইয়র্কের সফল ক্লিন এনার্জি স্ট্যান্ডার্ডের 70 শতাংশ পুনর্ব্যবহারযোগ্য বিদ্যুতে উল্লেখযোগ্য বৃদ্ধি। নবায়নযোগ্য শক্তির অভূতপূর্ব বৃদ্ধির অংশ হিসেবে, নিউ ইয়র্ক ইতোমধ্যে সারা স্টেটে 46 টি বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে কারণ এটি উল্লেখযোগ্যভাবে তার পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য বৃদ্ধি করে, যেমন: 2035 সালের মধ্যে নিউইয়র্কের অফশোর বায়ু বিদ্যুতের লক্ষ্য চারগুণ করা যা দেশের মধ্যে সর্বোচ্চ 9,000 মেগাওয়াট; 2025 সালের মধ্যে সৌর বিদ্যুৎ দ্বিগুণ হয়ে 6,000 মেগাওয়াটে হওয়া; 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয় মোতায়েন করা। এই উচ্চাভিলাষী কাজে সহায়তা প্রদান করতে, নিউ ইয়র্ক ও উত্তর আমেরিকার বাকি অঞ্চল জুড়ে পরিবেশগত অর্থায়নের উপলভ্যতা প্রসারিত করতে তৃতীয় পক্ষের তহবিলে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ তোলার মাধ্যমে

প্রতি সার্বজনীন ডলারের বৃহত্তর পরিবেশগত প্রভাব লালনের উদ্দেশ্যে আর্থিক ব্যবধান অতিক্রম করার ক্ষেত্রে নিউ ইয়র্ক গ্রিন ব্যাঙ্ক (NY Green Bank) তার দক্ষতা ব্যবহার করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন